দৈনিক ইত্তেফাক

তারিখ ... 20 AUG 1995 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

65

## যশোর বোর্ডের বেহাত হওয়া পরীক্ষার খাতা উদ্ধার ॥ ১ জন আটক

যশোর অফিস ॥ যশোর শিক্ষা বোর্ডের সদ্য সমাপ্ত এইচএসসি পরীক্ষার ইংরেজী প্রথমপত্রের বেহাত হইয়া যাওয়া সাতশত খাতা অবশেষে উদ্ধার করা

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

### ১ জন আটক

(শেষ পৃঃ পর)

সম্ভব হইয়াছে। জানা গিয়াছে, মুজিবর রহমান নামে একব্যক্তি সম্প্রতি উক্ত বিষয়ে পরীক্ষক হওয়ার জন্যে ভাণ্ডারিয়া সরকারী কলেজের প্রভাষক সুলতান আহমেদ গাজিয়া আবেদন জানায়। বোর্ড কর্তৃপক্ষ এই আবেদন মঞ্জুর করেন। অতঃপর কলেজের অধ্যক্ষের স্বাক্ষর জাল করিয়া একটি 'প্রত্যয়নপত্র' লইয়া মুজিবর রহমান গত ২৫শে জুলাই বোর্ড হইতে উল্লিখিত খাতা গ্রহণ করে। তন্মধ্যে সাঁড়ে তিনশত খাতাসহ পুলিশ মুজিবর রহমানকে গত ১৪ই আগষ্ট খুলনা শহরের একটি হোটেল হইতে আটক করিতে সক্ষম হয়। অবশিষ্ট সাড়ে তিনশত খাতা পুলিশ শুক্রবার রাত্রে সাতক্ষীরার একটি দোকান হইতে উদ্ধার করিয়াছে।

### আরও ৩৫০টি উত্তরপত্র উদ্ধার

খুলনা অফিস ॥ গতকাল (শনিবার) সকালে সাতক্ষীরা থানা পুলিশ শহরের লাবণী মোড় বাস ষ্ট্যাণ্ড হইতে চলতি বছরের যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় ইংরেজী প্রথমপত্রের আরও ৩৫০টি উত্তরপত্র উদ্ধার করিয়াছে। উত্তরপত্রগুলি রাস্তার পার্শ্বে পরিত্যক্ত অবস্থায় ছিল। এব্যাপারে কেহ গ্রেফতার হয় নাই। গত ১৩ই আগষ্ট রাত্রে পুলিশ খুলনা শহরের একটি হোটেলে তল্লাশি চালাইয়া ৩৫০টি উত্তরপত্রসহ দুইজনকে গ্রেফতার করে।